



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।


স্মারক নং-১৪.৩২.০০০০.০০৮.৪১.০০২.১২-০.১৬৩৫

তারিখঃ ১৩-১০-২০১৫

বিষয়ঃ IIG কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, International Internet Gateway (IIG) প্রতিষ্ঠানের IIG কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নীতিমালার শর্তানুযায়ী কার্যক্রম পরিচালনা করতে বারংবার বলা হলেও লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু IIG প্রতিষ্ঠান তা যথাযথভাবে পালন করছেন। এছাড়াও অনেক IIG প্রতিষ্ঠান লাইসেন্সিং গাইডলাইনের Schedule-2, শর্ত-7 ভঙ্গ করে ভুল তথ্য প্রদান করছে, যার মাধ্যমে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন-২০০১ ভঙ্গ করা হচ্ছে। এ প্রেক্ষিতে সকল IIG প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত বিষয়সমূহ কঠোরভাবে মেনে কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে বলা হলো। এর ব্যত্যয় হলে কমিশন কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবে।

- (১) সকল Bandwidth অবশ্যই DPI এর মাধ্যমে সরবরাহ করতে হবে।
- (২) মাসিক প্রতিবেদনের তথ্য অবশ্যই নির্ভুল এবং সঠিক হতে হবে।
- (৩) Category-A/B/C (ISP) বা অনুমোদনহীন কোন প্রতিষ্ঠানকে কোন প্রকার সংযোগ/Bandwidth প্রদান করা যাবে না।
- (৪) কোন IIG প্রতিষ্ঠান End user পর্যন্ত সরাসরি সংযোগ প্রদান করতে পারবেনা।
- (৫) মাসিক প্রতিবেদন প্রতিমাসের ০৭ (সাত) তারিখের মধ্যে Hard copy এবং Soft copy (ই-মেইলঃ iig@btrc.gov.bd-তে) প্রদান করবে।
- (৬) PoP স্থাপনের জন্য Schedule-2 এর মোতাবেক সকলকে অনুমোদন সাপেক্ষে কার্যক্রম পরিচালনা করতে হবে।
- (৭) কমিশন কর্তৃক চাহিত তথ্য যথাসময়ে প্রদান করতে হবে।
- (৮) কার্যক্রম পরিচালনা যেকোন পরিবর্তন করতে হলে কমিশনের অনুমতি গ্রহণ করতে হবে।
- (৯) বরাদ্দকৃত ব্যান্ডউইডথ যথাযথ মনিটরিং করতে হবে।


(মোঃ নাহিদুল হাসান)
সিনিয়র সহকারী পরিচালক
ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস্ বিভাগ
ই-মেইলঃ nahid@btrc.gov.bd
☎ ৯৬১১১১ (বর্ধিতঃ ৬৪৫)

প্রাপকঃ

চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল IIG অপারেটরস্।

অনুলিপিঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৩. মহাপরিচালক, লিগ্যাল এন্ড লাইসেন্সিং (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সভাপতি, International Internet Gateway Association Bangladesh (IIGAB)
৫. অফিস কপি।